ঝিনাইদহে মাদকসহ ২ ব্যবসায়ী আটক

ঝিনাইদহের মহেশপুর থেকে বিপুল পরিমান মাদকসহ ২ মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। গতকাল রবিবার রাতে উপজেলার সীমান্তবর্তী গুড়দহ বাজার এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃত মাসুম মোড়ল ও ইমরান নাজিরের বাড়ি যশোর জেলায়।

সোমবার দুপুরে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয়ে পুলিশ সুপার আজিম-উল-আহসান সংবাদ সম্মেলনের মাধ্যমে জানান, মাদকদ্রব্য উদ্ধার ও আইনশৃঙ্খলা রক্ষার্থে পুলিশ চেকপোষ্ট বসিয়ে নিয়মিত সন্দেহভাজন যানবাহন ও ব্যক্তিদের তল্লাশী কার্যক্রম পরিচালনা করে থাকে। তারই ধারাবাহিকতায় গেল রাতে মহেশপুর উপজেলার গুড়দহ বাজারে চেকপোষ্ট পরিচালনা কালে সন্দেহভাজন একটি মাইক্রোবাস গতিরোধ করে তল্লাশী করা হয়। সেসময় গাড়ির পেছনে ৩ টি বস্তার ভেতর থেকে ৪০৬ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। গাড়িসহ যার আনুমানিক মূল্য ২১ লাখ ২৫ হাজার টাকা। আটককৃত আসামীদের বিরুদ্ধে মহেশপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা করা হয়েছে।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অবস) রাজু আহমেদ, সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, ডিবি ওসি শাহীন উদ্দিন।

ঝিনাইদহের রাবেয়া ক্লিনিকের মালিককে এক লক্ষ টাকা অর্থদন্ড

ঝিনাইদহের রাবেয়া ক্লিনিকে চিকিৎসা ব্যবস্থাপনায় অনিয়ম করায় ক্লিনিক মালিককে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ড করেছে র্যাব-৬ এর ভ্রাম্যমান আদালত।

গতকাল শনিবার ২টার সময়ে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার সদর থানাধীন আরাপপুর মোড়স্থ এলাকার রাবেয়া ক্লিনিক এন্ড ডায়াগনোষ্টিক সেন্টারে দীর্ঘদিন যাবত অপরিষ্কার ও অপরিচ্ছন্ন পরিবেশে চিকিৎসা সেবা পদান করে আসছে। তারা মেয়াদউত্তীর্ণ রক্ত, গজ, ব্যান্ডেজ এবং বিভিন্ন চিকিৎসার সরঞ্জামাদি ব্যবহার ও বিক্রয় করে আসছে। ফলে জনসাধারনের স্বাস্থ্য নিরাপত্তা হুমকির মুখে পরছে।

প্রাপ্ত সংবাদের ভিত্তিতে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল, কোম্পানী কমান্ডার, স্কোয়াড্রন লীডার, মোঃ ইশতিয়াক হোসাইন ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (এসিল্যান্ড), এস এম নুরুন্নবী এর সহযোগীতায় ঝিনাইদহ জেলার সদর থানার আরাপপুর মোড়স্থ এলাকায় রাবেয়া ক্লিনিক এন্ড ডায়াগনোষ্টিক সেন্টারে মোবাইল কোর্ট পরিচালনা করে উক্ত প্রতিষ্ঠানের ব্যাবস্থাপনা পরিচালক, মো: মেহেদী হাসান (২৫) কে নগদ এক লক্ষ টাকা অর্থদন্ড অনাদায়ে ০৩ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়। জরিমানার অর্থ সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠানটি সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

ঝিনাইদহে নার্সদের ইন্টার্ন ভাতার দাবীতে কর্মবিরতি ও মানববন্ধন

ইন্টার্নকালীন সময়ে ভাতা প্রদানের দাবীতে ঝিনাইদহে কর্মবিরতি ও মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ রোববার (০১ অক্টোবর) সকালে ঝিনাইদহ সদর হাসপাতালের সামনে এ কর্মসূচীর আয়োজন করে বাংলাদেশ ডিপ্লোমা ইন্টার্ন নার্সেস এসোসিয়েশন।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ ছাড়াও ইন্টার্ন নার্স ও ইন্টার্নমিডওয়াইফ সেবক-সেবিকারা অংশ নেয়। সেসময় শিক্ষার্থী নাজমুস সাকিব, সুরাইয়া পারভীন রানী, তায়েফ মাহমুদ,

তিথি খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, হাসপাতালগুলোতে ইন্টার্নী করার সময় কর্তৃপক্ষ কোন প্রকার ভাতা প্রদাণ করেন না। কিন্তু দিন-রাত পরিশ্রম করে সেবা দিতে হচ্ছে তাদের। তাই ইন্টার্ন চলাকালীন সময়ে ভাতা প্রদাণের দাবী জানান তারা। দ্রুত এই দাবী মানা না হলে পরবর্তীতে অনির্দিষ্টকালের কর্মবিরতির হুশিয়ারি দেওয়া হয় মানববন্ধন থেকে। সকাল ১০ টা থেকে বেলা ১২ টা পর্যন্ত কর্মবিরতি পালন করে তারা। এতে ভোগান্তিতে পড়ে হয় রোগীদের।

কোটচাঁদপুরে নানা আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস পালন

বিনিয়োগে অগ্রাধিকার,কন্যাশিশুর অধিকার,এ প্রতিপাদ্যে কোটচাঁদপুরে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষ্যে শনিবার সকালে স্থানীয় শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে আলোচনা সভা ও ন্যাপকিন বিতরন করা হয়। দিবসটি আয়োজনে ছিলেন,কোটচাঁদপুর উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কার্যালয়।

এতে সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা নেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়,কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি)সৈয়দ আল- মামুন,বলুহর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও বিদ্যালয়ের সভাপতি নজরুল ইসলাম, সাবদারপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আব্দুল মান্নান।

অতিথিবৃন্দরা,ছাত্রীদের উদ্যেশে বাল্য বিবাহের কুফল,অপমৃত্যু রোদ,ও যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।
এ সময় বিদ্যালয়ের শতাধিক ছাত্রী উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ও স্বাগত বক্তব্য রাখেন, কোটচাঁদপুর উপজেলা মহিলা

বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।পরে ওই বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে ন্যাপকিন বিতরন করেন,অনুষ্ঠানের অতিথি বৃন্দরা।

কোটচাঁদপুরে বাসের ধাক্কায় কলেজ শিক্ষার্থী শাকিলের মৃত্যু

বাসের ধাক্কায় কোটচাঁদপুরে এইচ এস সি পরিক্ষার্থী শাকিল বিশ্বাসের মৃত্যু হয়েছে। শনিবার (৩০-০৯-২৩) দুপুরে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর – কালিগঞ্জ সড়কের ফারাবি ড্রাগ হাউজের সামনে। এ ব্যাপারে থানায় মামলা করবেন বলে জানিয়েছেন মৃতের পরিবার।

প্রত্যক্ষদর্শী জুয়েল হোসেন বলেন,শনিবার বেলা ১২ টা বাজে। জীবননগর থেকে সিজান পরিবহনটি ছেড়ে আসছিল। আর একই দিক থেকে পানি বোঝাই ভ্যান নিয়ে আসছিল রিগ্যান পানির এস আর শাকিল বিশ্বাস। এ সময় বাসটি পিছন থেকে সজোরে তাকে ধাক্কা দেয়। এতে করে গুরুতর আহত হয় সে। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

বিষয়টি নিয়ে ওই গ্রামের সাবেক ইউপি সদস্য শহিদুল ইসলাম বলেন,কোটচাঁদপুর থেকে তাকে যশোরে রেফার্ড করেন। যশোরে চিকিৎসাধীন অবস্থায় শাকিলের মৃত্যু হয়েছে।

শাকিল বিশ্বাস (১৯)। সে কোটচাঁদপুরের জগন্নাথপুর গ্রামের লিটন বিশ্বাসের ছেলে। তাঁরা দুই ভাই বোন। শাকিল পরিবারের বড় ছেলে। সে ছিলেন কোটচাঁদপুর সরকারি কেএমএইচ ডিগ্রি কলেজের এইচএস সি পরিক্ষার্থী। আর একটা মাত্র পরীক্ষা দেয়া বাকি রয়েছে।

রিগ্যান পানির মালিক রিগ্যান বলেন,৩ মাস হল শাকিল আমার পানির বিক্রির এস আরের কাজ করছেন। শনিবার সকালে কারখানা থেকে পানি নিয়ে বিক্রি করতে বের হয়। পথিমধ্যে কোটচাঁদপুর চক্ষু হাসপাতালের

সামনে এ ঘটনা ঘটে। আর মাত্র একটি পরীক্ষা বাকি আছে বলে জানিয়েছেন,তাঁর স্বজনরা।

এ ব্যাপার কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামান বলেন,খবর পেয়ে ঘটনাস্থল থেকে বাসটি জব্দ করে থানায় আনা হয়েছে। মৃতের লোকজন থানায় আসছে জানতে পারলাম। তারা মামলা করলে,ব্যবস্থা নেয়া হবে।

ঝিনাইদহে ঋণের চাপে চা দোকানি আত্মহত্যা ঘটনায় আটক ১

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানীতে ঋণের চাপে সিরাজুল ইসলাম সুরুজ নামের এক চা দোকানি আত্মহত্যার ঘটনায় তরিকুল ইসলাম নামের এক সুদের কারবারিকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল শুক্রবার সন্ধ্যায় উপজেলার ডাকবাংলা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত তরিকুল ইসলাম চুয়াডাঙ্গা সদর উপজেলার হাসনাহাটি গ্রামের মৃত শহর আলী মুন্সির ছেলে।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান জানান, গত ৮ সেপ্টেম্বর হলিধানী এলাকায় ঋণের চাপে চিরকুট লিখে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন সিরাজুল ইসলাম সুরুজ নামের এক চা দোকানী। এ নিয়ে গণমাধ্যমে গুরুত্ব সহকারে সংবাদ প্রকাশ করা হয়। পরবর্তীতে সিরাজুল ইসলাম সুরুজের স্ত্রী ছফুরা খাতুন বাদী হয়ে ছয়জনের নাম উল্লেখ করে ঝিনাইদহ সদর থানায় একটি আত্মহত্যার প্ররোচনার মামলা দায়ের করেন। বিষয়টি তদন্ত করে এজাহার নামীয় আসামী তরিকুলকে আমরা গ্রেফতার করতে সক্ষম হই। বাকি আসামিদের ধরতে আমাদের অভিযান অব্যাহত রয়েছে।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপনী

‘নারীদের আত্মরক্ষার্থে কারাতে হোক অন্যতম হাতিয়ার’ এ শ্লোগানকে সামনে নিয়ে ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ শুরু হয়।

গতকাল বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে সোতোকান কারাতে দো ঝিনাইদহ’র উদ্যোগে এ প্রশিক্ষণ শুরু হয়ে আজ শুক্রবার বিকালে বেল্ট প্রদানের মধ্যদিয়ে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা কর হয়।

সোতোকান কারাতে দো’র পরিচালক কাজী আলী আহম্মেদ লিকুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন।

বিশেষ অতিথি ছিলেন জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, ক্রীড়া সংগঠক জয়নাল আবেদীন, সোতোকান কারাতে দো’র পরিচালক মাহফুজুর রহমান বিপ্লব। ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৫ জন শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখান জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিনসহ স্থানীয় প্রশিক্ষকবৃন্দ।

প্রশিক্ষণ শেষে শুক্রবার বিকালে পরীক্ষার মাধ্যমে ৩৫ জন প্রশিক্ষনার্থীকে বিভিন্ন প্রকার বেল্ট প্রদান করা হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে আশা করেন অতিথি ও আয়োজকরা।

কোটচাঁদপুরের

গণমাধ্যমকর্মীদের সঙ্গে সাবেক সংসদ সদস্য নেওয়াজ মতবিনিময়

কোটচাঁদপুরের গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময় করেছেন,ঝিনাইদহ - ৩ আসনের সাবেক সংসদ সদস্য ও আওয়ামী-যুবলীগের প্রেসিডিয়াম সদস্যঃ নবী নেওয়াজ। আজ শুক্রবার (২৯-০৯-২৩) দুপুরে স্থানীয় পাঠাগারে এ সভা করেন তিনি।

এ সময় উপস্থিত ছিলেন,গনমাধ্যমকর্মী অশোক দে,কাজী মৃদুল,নজরুল ইসলাম, কামাল হাওলাদার, সুব্রত কুমার,আব্দুল্লাহ বাশার,মঈন উদ্দিন, রেজাউল ইসলাম।

মতবিনিময় সভায় সংসদ সদস্য তুলে ধরেন, ২০১৪ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত উন্নয়নের কিছু চিত্র। যার মধ্যে ছিল,দুই উপজেলায় এলজিইডির অধীনে ১৫২ কিমি হেরিং ভাঙ্গা ও কাঁচা নতুন রাস্তা পিচ করন,১৪৮ কিলোমিটার রাস্তার রক্ষণা-বেক্ষনের কাজ,জেলা পরিষদের মাধ্যমে মসজিদ, মন্দির, ঈদগাহ ও কবরস্থান সহ সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়নে দেয়া হয়েছিল ৫,২০,০০,০০০/- টাকা অনুদান, আশি কোটি টাকা ব্যয়ে করা হয়েছিল খালিশপুর হতে মহেশপুর-দত্তনগর-জিন্নানগর-সামন্তা- বাঁশবাড়িয়া, যাদবপুর পর্যন্ত পাকা রাস্তা উন্নয়নের কাজ,স্থাপন করা করেছিলেন ৭৫ টি ব্রীজ ও কালভার্টের কাজ,হয়েছিল,২২ কিলোমিটার এইচ,বি,বি রাস্তা, টিআর ও কাবিখার কাজ করা হয়েছিল ২০ কোটি ৫০ লাখ টাকার, ১৮৫০টি ঘর,ধর্মীয় প্রতিষ্ঠান, অফিস- দোকান পাঠ ও রাস্তায় স্ট্রিট লাইটের দেয়া হয়েছিল,পাঁচ বছরে,হতদরিদ্র মানুষের মধ্যে টিন বিতরন করা হয়েছিল ৪৮০ বানন্ডিল, প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করেছিলেন ২২টি, ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ের নতুন তরুন নির্মান ও মেরামত করা হয়, ১৩ কোটি একুশ লক্ষ একষট্টি হাজার টাকা ব্যয়ে নির্মাণ করা ৬টি নতুন কলেজ ভবন,নির্মাণ করা হয়,কোটচাঁদপুর ও মহেশপুরের মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন,মুক্তিযোদ্গাদের জন্য ৭৫ লক্ষ টাকা ব্যয়ে ৮টি ঘর নির্মাণ করা হয়েছিল।

তিনি বলেন,আগামী নির্বাচনে জয়ী হয়ে আপনাদের কাছে আসতে পারলে দুই উপজেলায়,দুটি মিনি স্টেডিয়াম,মহেশপুরের আজমপুর দো-বিলে মিনি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রস্থাপন,মহেশপুর-কোটচাঁদপুরের মাঝে একটা বিসিক শিল্প নগরী গড়ে তোলা,কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা মত

কাজ গুলো অগ্রধিকারের ভিত্তিতে করে যাবো।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, কোটচাঁদপুর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, বলুহর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল মতিন,উপজেলা যুবলীগের আহবায়ক মীর মনিরুল আলম,যুগ্ন আহবায়ক আশরাফুল ইসলাম খোকন।

কোটচাঁদপুরে দলবদ্ধ ধর্ষণের শিকার গৃহপরিচারিকা নারী আটক ৩

কোটচাঁদপুরে দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন এক গৃহপরিচারিকা নারী। গত মঙ্গলবার রাতে এ ঘটনাটি ঘটেছে স্থানীয় পৌরসভার গাবতলা পাড়ায়। আজ বৃহস্পতিবার আটকৃতদের আদালতে পাঠিয়েছেন থানা পুলিশ।

জানা যায়,গৃহপরিচারিকা ওই নারীর কোটচাঁদপুরের বাসিন্দা। সে ঢাকায় গৃহকর্মীর কাজ করেন।গত মঙ্গলবার রাত ৯ টার দিকে বাসে করে ঢাকা থেকে কোটচাঁদপুর আসেন।

এরপর বাসস্ট্যান্ড-সংলগ্ন গাবতলা পাড়ায় পূর্বপরিচিত এক নারীর বাসায় যান,ওই গৃহপরিচারিকা। রাতে খাবার খেয়ে ওই বাসাতেই শুয়ে ছিলেন তিনি।

পরে ওই রাতেই তাঁর পরিচিত আত্মীয় বাসস্ট্যান্ডে নিজের চায়ের দোকানে চলে যান। এ সুযোগে ওই চা দোকানির স্বামী ইসরাইল হোসেন,ঘরের তালা খুলে ঢুকে তাকে ধর্ষণ করেন। এরপর খবর দিয়ে ডেকে আনেন আরো দুই রিক্সা চালক ইসমাইল হোসেন ও আব্দুল খালেককে। পরে তারাও পালাক্রমে ধর্ষণ করেন ওই নারীকে।

ওই ঘটনার পর গতকাল বুধবার ওই গৃহপরিচারিকা কোটচাঁদপুর থানায় যান। মামলা করেন, ওই তিন রিক্সা চালকের বিরুদ্ধে। এরপর পুলিশ তাদেরকে কোটচাঁদপুরের ভিন্ন ভিন্ন জায়গা থেকে আটক করেন।

আটককৃতরা হলেন, রিকশাচালক ইসরাইল হোসেন ইসমাইল হোসেন ও আব্দুল

খালেক। এরা সবাই কোটচাঁদপুর পৌর শহরের বাসিন্দা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল মামুন বলেন, ওই ঘটনায় ঘটনায় তিনজনের বিরুদ্ধে মামলা করেছেন ভুক্তভোগী নারী। এরপর শহরের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়।

তিনি বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে,তারা ঘটনার সত্যতা স্বীকার করেছেন। গতকাল বুধবার স্বাস্থ্য পরীক্ষা করানো হয়েছে ওই নারীর। বৃহস্পতিবার ধর্ষণ মামলায় আটককৃতদের ঝিনাইদহ আদালতে পাঠানো হয়েছে।

বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন স্কুলকে সংর্বধনা দিলেন, হরিণাকুণ্ডু পৌরসভা

বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের জেলা চ্যাম্পিয়ন হওয়ায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার শুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড়দের রাজসিক সংর্বধনা দিলেন হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন।

বুধবার (২৭সেপ্টেম্বর) সকালে বিদ্যালয় মাঠে সংর্বধনার আয়োজন করা হয়। আনুষ্ঠানে বিজয়ী খেলোয়াড়, কোচ ও প্রধান শিক্ষকের হাতে ফুলের তোড়া ও মিষ্টি দিয়ে বরণ করে নেন পৌরসভার মেয়র ফারুক হোসেন।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইউসুফ আলী, দলের কোঁচ সহকারী শিক্ষক আব্দুস সামাদ আজাদ দিপু, সহকারী শিক্ষক নাজিম উদ্দীনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। এছাড়াও পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমানসহ অন্যান্য কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ গত ২৩ সেপ্টেম্বর ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে ফাইনাল খেলায় কালীগঞ্জ উপজেলার মথনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৩-০ গোলে হারিয়ে জেলার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।